যুগান্তর

JAN 23 2002

তারিখ ...............
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৫

# ব্রিটেনে লেখাপড়ার সুযোগ সুবিধা সম্পর্কে ঢাকায় তিন দিনের মেলা

যুগান্তর রিপোর্ট

ঢাকার ব্রিটিশ কাউন্সিল আগামী ৩১ জানুয়ারি ব্রিটেনে লেখাপড়ার সুযোগ সম্পর্কিত তিনদিনের একটি মেলার আয়োজন করবে।

লেখাপড়া : পৃষ্ঠা : ২ কলাম : ৮

## লেখাপড়া : মেলা

(৩য় পৃষ্ঠার পর)

তিনদিনব্যাপী এই মেলা অনুষ্ঠিত হবে হোটেল শেরাটনের বলরুমে। শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক মেলার উদ্বোধন করবেন বলে আশা করা হচ্ছে। মেলা ৩১ জানুয়ারি দুপুর ১২টা থেকে রাত সাড়ে ৮টা, ১ ফেব্রুয়ারি সকাল ১১টা থেকে রাত সাড়ে ৮টা এবং ২ ফেব্রুয়ারি সকাল ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত সবার জন্য খোলা থাকবে।

মঙ্গলবার দুপুরে হোটেল শেরাটনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ব্রিটিশ কাউন্সিলের পরিচালক কার্ল রয়টার এবং শিক্ষা উন্নয়ন ও বিপণন ব্যবস্থাপক রিপা ওয়ালী জানান, ব্রিটেনে শিক্ষা গ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থী, তাদের অভিভাবক, বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত মানবসম্পদ উন্নয়ন বিষয়ক ব্যবস্থাপক ও প্রশিক্ষণ ব্যবস্থাপকদের জন্য ব্রিটিশ বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোর প্রতিনিধিদের সঙ্গে সরাসরি কথা বলার সুযোগ সৃষ্টির লক্ষ্যে এই মেলার আয়োজন করা হচ্ছে।

রয়টার জানান, যুক্তরাজ্যের ৩ হাজারের বেশি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে আড়াইশ'র বেশি রয়েছে বিশ্ববিদ্যালয় ও কলেজ। এসব বিশ্ববিদ্যালয় ও কলেজে বৃত্তিমূলক শিক্ষাসহ স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে বিভিন্ন ধরনের ৬ হাজারেরও বেশি ডিপ্লোমা ও গ্রাজুয়েশন কোর্সে অধ্যয়নের সুযোগ রয়েছে। একটি জায়গায় অবস্থান করে এত বেশিসংখ্যক বিষয়ে পড়ালেখা করার সহজ সুযোগ বিশ্বের আর কোন দেশে পাওয়া সম্ভব নয়।

মেলায় যুক্তরাজ্যের ১৫টি শিক্ষা প্রতিষ্ঠান অংশ নেবে। এতে তাদের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে রয়েছে গ্লাসগো ইউনিভার্সিটি, হলবর্ন কলেজ, ইউনিভার্সিটি অব লুটন, মিডলসেক্স ইউনিভার্সিটি, ব্রিটল কলেজ ইত্যাদি। ঢাকার ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য কোর্স বেছে নেয়ার ক্ষেত্রে বিনা মূল্যে পরামর্শ দেয় এবং মাত্র ১০০ পাউন্ড ফি নিয়ে ব্রিটেনে ভর্তির যাবতীয় কাগজপত্র ও আনুষ্ঠানিকতা সম্পন্ন করে দেয় বলেও তিনি জানান।

এক প্রশ্নের জবাবে রয়টার বলেন, যুক্তরাষ্ট্রে ১১ সেপ্টেম্বরের সন্ত্রাসী বিমান হামলা এবং পরবর্তী ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে ব্রিটেনে বাংলাদেশী বা অন্য কোন দেশের শিক্ষার্থীদের প্রবেশের ক্ষেত্রে কোনরকম বাধা নেই।